

# আমার শিশুর শ্রবণশক্তি পরীক্ষা সম্পর্কে আমার কী জানা উচিত?



শ্রবণশক্তি পরীক্ষা নিরাপদ এবং আপনার শিশুর ক্ষতি করে না। বেশীরভাগ শিশু শ্রবণশক্তি পরীক্ষা চলাকালীন ঘুমিয়ে থাকে।

শ্রবণশক্তি পরীক্ষা করতে প্রায় 10 মিনিট সময় লাগে।

শ্রবণশক্তি পরীক্ষা হল আপনার শিশু মৃদু ধ্বনি শুনতে পাচ্ছে কিনা সেটি দেখার জন্য একটি দ্রুত পরীক্ষা। ভাষা শেখার জন্য তাদের সেগুলি শুনতে হবে।

আপনি হাসপাতাল ছাড়ার আগেই আপনার শিশুর ফলাফল পেয়ে যাবেন।

সমস্ত পরিবারকে এই 1-3-6 নির্দেশিকাগুলি অনুসরণ করার সুপারিশ করা হয়:

- 1 1 মাস বয়স হওয়ার আগেই সকল শিশুদের শ্রবণশক্তি পরীক্ষা করানো উচিত।
- 3 যেসব শিশু তাদের প্রাথমিক নবজাতক শ্রবণশক্তি পরীক্ষায় উত্তীর্ণ হয়নি, তাদের 3 মাস বয়স হওয়ার আগেই একজন শ্রবণশক্তি বিশেষজ্ঞের দ্বারা রোগ নির্ণয়ের মূল্যায়ন করা উচিত।
- 6 যেসব শিশুদের শ্রবণশক্তি হ্রাস নির্ণয় করা হয়েছে তাদের যত তাড়াতাড়ি সম্ভব আর্লি ইন্টারভেনশন পরিষেবাগুলি পাওয়া শুরু করা উচিত তবে 6 মাস বয়সের পরে নয়।

এই নির্দেশিকাগুলি আমেরিকান অ্যাকাডেমি অফ পেডিয়াট্রিক্স (American Academy of Pediatrics)-এর শিশুর শ্রবণশক্তি সংক্রান্ত যৌথ কমিটি (Joint Committee on Infant Hearing) দ্বারা সুপারিশ করা হয়েছে যা শিশুদের জন্য আর্লি হিয়ারিং ডিটেকশন অ্যান্ড ইন্টারভেনশন (Early Hearing Detection & Intervention, EHDI) প্রোগ্রামকে নির্দেশ করে।

আপনার শিশুর শ্রবণশক্তি পরীক্ষা সম্পর্কে আপনার কোনো প্রশ্ন থেকে থাকলে অনুগ্রহ করে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে যোগাযোগ করুন।



আরো তথ্যের জন্য: [health.ny.gov/EHDI](https://health.ny.gov/EHDI)



Department  
of Health